রাত পোহালেই গাংনী উপজেলা পরিষদ নির্বাচন

ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের দ্বিতীয় ধাপে আগামীকাল মঙ্গলবার (২১ মে) অনুষ্ঠিত হতে যাচ্ছে গাংনী উপজেলা পরিষদ নির্বাচনের ভোট যুদ্ধ।

উপজেলা নির্বাচনকে ঘীরে স্থানীয় রাজনীতি ও ভোটারদের মাঝে চলছে নানা হিসাব-নিকাশ ও চুলচেরা বিশ্লেষণ। যার বড় অংশজুড়ে রয়েছে প্রার্থী নিয়ে পর্যালোচনা। বর্তমান উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মখলেছুর রহমান মুকুল নিয়েই চলছে আলোচনা-পর্যালোচনা।

প্রথম ধাপে মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। দুটি উপজেলা নির্বাচনে ভোটার উপস্থিতি কম হওয়ায় গাংনীর নির্বাচনকে কেন্দ্র করে চলছে নানা হিসেব নিকেশ।

গাংনী উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে ৮ জন প্রার্থী প্রতীক বরাদ্দ পেলেও সদ্য সাবেক এমপি পত্নি লাইলা আরজুমান বানু শিলা, সাবেক উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট একেএম শফিকুল আলম ও গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন সাংবাদিক সম্মেলন করে সরে দাঁড়িয়েছেন। বর্তমানে ভোটের মাঠে রয়েছেন বর্তমান চেয়ারম্যান এমএ খালেক (আনারস), উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মখলেছুর রহমান মুকুল(হেলিকপ্টার), সাবেক ভাইসচেয়ারম্যান অ্যাডভোকেট রাশেদুল হক জুয়েল (ঘোড়া), বিএনপির বহিস্কৃত নেতা জুলফিকার আলী ভূট্টো (কৈ মাছ) ও স্থানীয় ব্যবসায়ী মুকুল জোয়াদ্দার (শালিক পাখি)।

এছাড়া ভাইসচেয়ারম্যান পদে ফারুক হাসান (টিউবওয়েল), দেলোয়ার হোসেন মিঠু (তালা), রেজাউল হক (চশমা)। তবে ইতোমধ্যে রেজাউল হক প্রতিদ্বদ্বীতা থেকে সরে দাঁড়িয়েছে। মহিলা ভাইসচেয়ারম্যান পদে ফারহানা ইয়াসমীন (হাঁস) আলপনা আক্তার (কলস) ও নাছিমা খাতুন (ফুটবল) প্রতীকে ভোট করছেন।

সহকারি রিটার্নিং কর্মকর্তা সূত্রে জানা গেছে, এই উপজেলাতে মোট ভোটার সংখ্যা ২ লাখ ৬০ হাজার ৯৬ জন। এদের মধ্যে নারী ভোটার ১

লাখ ৩০ হাজার ২৪৭ ও পুরুষ ভোটার সংখ্যা ১ লাখ ২৯ হাজার ৮৪৯ জন।

১০৭ টি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। কেন্দ্রগুলোর মধ্যে ৩০ টি ভোট কেন্দ্রকে ঝুঁকিপূর্ণ হিসেবে বিবেচনা করা হচ্ছে।

এদিকে নির্বাচনকে উৎসবমুখর নিরপেক্ষ ও অবাধ করার জন্য জেলা প্রশাসন, পুলিশ বিভাগ ও নির্বাচন কমিশন থেকে সকল ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। ইতোমধ্যে ভোট কেন্দ্রগুলোতে ভোটার সরাঞ্জাম ও দায়ীত্বে নিয়োজিত, প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসারসহ নিরাপত্তার সাথে জড়িত সবাইকে ভোট কেন্দ্রে প্রেরণ করা হয়েছে। এছাড়া মোবাইল ফোর্স হিসেবে ২ প্লাটুন বিজিবি, নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে ভ্রাম্যমান টিম টহল দিচ্ছেন।

এদিকে নির্বাচনকে ঘীরে বর্তমানে গাংনী উপজেলার আওয়ামীলীগের রাজনীতিক ও জন প্রতিনিধিরা দুই ভাগে বিভক্ত হয়ে পড়েছেন। মেহেরপুর-২ আসনের বর্তমান জাতীয় সংসদ সদস্য (এমপি) এএসএম নাজমুল হক সাগর ও সদ্য সাবেক সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন নিশ্চুপ ভূমিকা পালন করলেও সাবেক এমপি মকবুল হোসেন ও গাংনী পৌর মেয়র আহমেদ আলীসহ অন্যান্য নেতারা মখলেছুর রহমান মুকুলের পক্ষে নিয়ে মাঠে ময়দানে কাজ করছেন।

অপরপক্ষে গাংনী পৌর সভার সাবেক মেয়র আশরাফুল ইসলাম, এই উপজেলার ৯ টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সাবেক ছাত্রনেতা শাহিদুজ্জামান শিপু নিয়েছেন বর্তমান উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেকের পক্ষে ভোটের মাঠে কাজ করছেন।

মেহেরপুরে সাংস্কৃতিক উৎসব ২০২৪ উদ্বোধন

মেহেরপুরে জেলা পর্যায়ে সাংস্কৃৃতিক উৎসব ২০২৪ উদ্বোধন ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল সাড়ে ১১ টার দিকে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে বাংলাদেশ শিশু একাডেমি মেহেরপুর আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মো. শামীম হাসান।

জেলা প্রশাসনের সহযোগিতায় শিশু বিষয়ক কর্মকর্তা (ভারপ্রাপ্ত) আয়ুুব হোসেনের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন- জেলা তথ্য অফিসার আবদুল্লাহ আল মামুন, নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহমুদ, মেহেরপুর সাহিত্য পরিষদের সভাপতি নুরুল আহমেদ, গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু প্রমুখ।

উদ্বোধনী দিনে মুজিবনগর উপজেলা দল, গাংনী উপজেলা দল, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এন্ড কলেজ দল ও মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় দল অংশগ্রহণ করে।

জেলা প্রশাসক মো: শামীম হাসান বলেন- আমরা যে সাংস্কৃতিক উৎসব করছি, এটা আমাদের স্বাধীনতারই অংশ। আমাদের দেশীয় সংস্কৃতি সারাবিশ্বে ছড়িয়ে দিতে হবে। আমাদের গর্ব আমাদের বাঙ্গালী সংস্কৃতি। প্রান্তিক পর্যায়ে লুকিয়ে থাকা সংস্কৃতিকে তুলে আনতে হবে আমাদেরই।

সাবেক মেয়র মতুসহ ৬ আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দুর দায়ের করা ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র মোতাচ্ছিম বিল্লাহ মতুসহ ৬ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত।

রবিবার (১৯ মে) খুলনা বিভাগীয় সাইবার ট্রাইব্যুনালের বিচারক কনিকা বিশ্বাস এ আদেশ দেন।

গ্রেফতারি পরোয়ানা প্রাপ্ত অন্য আসামিরা হলেন সাবেক মেয়র

“আমি থাকলে শালাকে ওন স্পট হিট করে তোর ক্লিনিকে ভর্তি করিয়ে রাখতাম”।

আসামী শামিম হাসান সোহাগ ও মেহেরাব হোসেন অপি মিথ্যা বিষয়কে শেয়ার করে লাইক দিয়ে অপপ্রচারে সহায়তা করেছে। আসামীরা একই বিষয় একাধিকবার সোসাল মিডিয়ায় প্রচার করে বিভিন্ন গ্রুপের মাধ্যমে ভাইরাল করেছে।

আসামী মেহেরাব হোসেন অপি একটি অনিবন্ধিত নিউজ পোর্টাল মেহেরপুর নিউজ ডটকম পোর্টালের ফেসবুক পেজ থেকে মোতাচ্ছিম বিল্লাহ মতুর মিথ্যা অভিযোগটি লাইভ প্রকাশ করে এবং নিজ আইডিতেও শেয়ার করে ভাইরাল করে।

আসামিদের মিথ্যা অপপ্রচার করে নিজেদের স্বার্থ রক্ষার জন্যে এবং অনুসন্ধানী ও সুস্থ ধারার সাংবাদিক গোষ্টীর পথ রুদ্ধ করেছে বলে বাদী অভিযোগ করেন।

উল্লেখ্য, সাংবাদিক মাহাবুব চান্দুর বিরুদ্ধে মিথ্যা চাঁদাবজীর অভিযোগ তোলায় গতবছরের ৩০ জুলাই মেহেরপুরের সাংবাদিক সমাজ জেলা প্রসাশকের কার্যালয়ের সামনে একটি মানববন্ধন করে।

গাংনীতে বীরমুক্তিযোদ্ধা তাজুলকে রাষ্টীয় মর্যাদায় দাফন

গাংনী উপজেলার বীর মুক্তিযোদ্ধা তাজুল ইসলামকে (৮০) রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে।

আজ সোমবার (২০ মে) সকাল ৮ টার সময় গাংনী উপজেলা ঝোরপাড়া ঈদগাহ মাঠে তার জানাজা শেষে স্থানীয় কবরস্থানে দাফন সম্পন্ন হয়।

এর আগে গতকাল রবিবার (১৯ মে) সন্ধ্যায় গাংনী উপজেলা প্রশানের পক্ষ থেকে সহকারি কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীমের নেতৃত্বে বীর মুক্তিযোদ্ধা তাজুল ইসলামকে গার্ড অব অনার প্রদান করা হয়। গাংনী থানা পুলিশের একটি চৌকস দল জাতির এই সূর্য সন্তানকে গার্ড

অব অনার প্রদান করেন। এসময় বীরমুক্তিযোদ্ধা হিসাব উদ্দীন, গোলাম মোস্তফাসহ বেশ কয়েকজন মুক্তিযোদ্ধা জানাযাতে অংশ নেন।



মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮০ বছর। বীরমুক্তিযোদ্ধা তাজুল ইসলামের বাড়ি গাংনী উপজেলার ঝোরপাড়া গ্রামে। মৃত্যুকালে তার স্ত্রী, ৪ ছেলে, ১ মেয়ে, আত্বীয়-স্বজন, বন্ধু, সহকমীর্সহ অসংখ্য গুণগ্রাহী রয়েছেন।

তার ছেলে মো: আলাউদ্দিন জানান, আমার বাবা দীর্ঘদিন যাবৎ কিডনি ও পোস্টেড রোগে আক্রান্ত ছিলেন। বাড়িতে রেখেই তার চিকিৎসা চলছিল। রবিবার বিকাল ৩ টার সময় নিজ বাড়িতে শেষ নি:স্বাস ত্যাগ করেন।

মহান এই মুক্তিযোদ্ধার মৃত্যুতে শোক প্রকাশ ও সমবেদনা জানিয়েছেন তার এক সময়ের রণাঙ্গনের সাথীরা ও এলাকার গন্যমান্য ব্যাক্তিবর্গ।

মেহেরপুরে ব্র্যাক কার্যালয় পরিদর্শন করলেন ইউএনও

মেহেরপুরে ব্র্যাক অফিসের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার কাজী নাজিব হাসান।

আজ রবিবার (১৯ মে) দুপুরে ব্র্যাক মেহেরপুর সদর কার্যালয় পরিদর্শন করেন তিনি।

অফিস পরিদর্শনকালে ব্র্যাকের বিভিন্ন কর্মসূচির কার্যক্রম সম্পর্কে অবগত হন এবং দফরপুর, আমঝুপি ব্র্যাক যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচির কমিউনিটির পর্যায়ে স্টেকহোল্ডারদের নিয়ে একটি সচেতনতামূলক উঠান বৈঠক পরিদর্শন করেন এবং ওখানে উপস্থিত সকলকে সচেতনতামূলক বার্তা দেন।

এসময় মেহেরপুর বিডিসি শেখ মনিরুল হুদা, টিবি কনট্রোল প্রোগ্রাম ডিএম অচিন্ত কুমার বোস, ফাইনান্স এন্ড একাউন্টস ইউএএম সমীর কুমার বিশ্বাস, মাইক্রোফাইনান্স দাবি এলাকা ব্যবস্থাপক মো: এমরান হোসেন, মাইক্রোফাইনান্স দাবি শাখা ব্যবস্থাপক মো: মাহামুদুল হাসান, মাইক্রোফাইনান্স প্রগতি এলাকা ব্যবস্থাপক জোছনা বেগমসহ অন্যান্য ব্র্যাক কর্মীগণ উপস্থিত ছিলেন।

কুলবাড়িয়া গ্রামকে মাদকমুক্ত করার দাবিতে মেহেরপুরে মানববন্ধন

কুলবাড়িয়া গ্রামকে মাদকমুক্ত করার দাবিতে মেহেরপুরে মানববন্ধন ও স্মারকলিপি দিয়েছে কুলবাড়িয়া গ্রামবাসি। রবিবার (১৯ মে) সকাল ১১ টার দিকে জেলা প্রাশাসকের কার্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

সাবেক ছাত্রনেতা ও কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সদস্য জুয়েল রানার নেতৃত্বে কুলবাড়ীয়া গ্রামের শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি পেশার নারী পুরুষ এই মানব বন্ধনে অংশ নেয়।

মানববন্ধনে বক্তারা বলেন, কুলবাড়িয়া গ্রামে এখন ওপেন মাদক বিক্রি ও সেবন হয়। মেহেরপুরের চিহ্নিত সন্ত্রাসী দুখু বাহিনির সদস্য ঝন্টু বিশ্বাস এর নেতৃতে দেয়। সে কারনে তার ভয়ে কেউ কিছু বলতে পারেনা। তবে মাদকের কারনে কুলবাড়ীয়া গ্রামের যুব সমাজ ধংস হয়ে যাচ্ছে। তাই আমরা সকল হুমকি ধামকি উপেক্ষা করে রাস্তায় নামতে বাধ্য হয়েছি।

মানববন্ধন শেষে জেলা প্রশাসক,পুলিশ সুপার ও মাদক নিয়ন্ত্রন অফিসে স্মারকলিপি দেয় কুলবাড়িয়া গ্রামবাসি।

গাংনী উপজেলা জামায়াতের আমীর রবিউল গ্রেফতার

পুলিশের দায়ের করা নাশকতা মামলায় আদালতের পরোয়ানাভুক্ত আসামি গাংনী উপজেলা জামায়াতের আমীর ডাক্তার রবিউল ইসলামকে গ্রেফতার করেছে গাংচিল থানা পুলিশ।

ডাক্তার রবিউল ইসলাম গাংনী উপজেলার কড়ইগাছি বড়বামন্দী গ্রামের মৃতু আব্দুর রউফের ছেলে।

আজ রবিবার (১৯ মে) সকালের দিকে গাংনী থানা পুলিশের একটি টিম তার গাংনী দাশপাড়া এলাকার নিজ বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। রবিউল ইসলামের নামে ৩০/২২ মামলায় আদালত গ্রেফতারি পরোয়ানা জারি করেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, নাশকতা মামলায় আদালত রবিউল ইসলামের নামে গ্রেফতারি পরোয়ানা জারি করে গ্রেফতার নির্দেশ দিলে তাকে গ্রেফতার করা হয়।

আজ রবিবার (১৯ মে) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে আওয়ামী লীগ নেতার সাড়ে ৮ বিঘা জমির ফসল তছরুপাত

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুরে আওয়ামী লীগ নেতা গোলাম মোস্তফার চার বিঘা জমির কলা, পেঁপে ও কপি ক্ষেত কেটে তছরুপ করেছে দূর্বত্তরা।

গতকাল শনিবার দিবাগত রাতের কোনো এক সময়মহাজনপুর গ্রামের নীলজাভেদ মাঠে এই ঘটনা ঘটে। ক্ষতিগ্রস্থ কৃষক গোলাম মোস্তফা মেহেরপুর জেলা আওয়ামী লীগের নির্বাহী কমিটির সদস্য ও মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি। ফসল তছরুপাতের এই ঘটনায় তার আনুমানিক ১১ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে তিনি অভিযোগ করেন।

জানা গেছে, দূবৃত্তরা গতকাল শনিবার রাতের কোন এসময় গোলাম মোস্তফার জমিতে প্রবেশ করে ৪ বিঘা জমিার কলার কান্দি, ২ বিঘা জমির পেঁপে গাছ এবং আড়াই বিঘা জমির কপি ক্ষেত ধারালো অস্ত্র দিয়ে কেটে তছরুপ করেছে।

গোলাম মোস্তফা অভিযোগ করে বলেন, ৪ বিঘা জমির কলাবাগানের ১৬ শ কাঁদি কলা, ৫ লাখ ৯০ হাজার টাকা ২ বিঘা জমির ৮০০ পেঁপে গাছ ও আড়াই বিঘা জমির কফি ক্ষেতের আংশিক কেটে দিয়েছে।। ইতোমধ্যে কলাগুলো ৫ লাখ ৯০ হাজার টাকায় অগ্রিম বিক্রি করা হয়েছে। ২ বিঘা জমির পেঁপের আনুমানিক মূল্য ৫ লাখ টাকা। এছাড়া আড়াই বিঘা কপি মিলিয়ে ১১ টাকার ক্ষতি করা হয়েছে।

তিনি বলেন, আমার প্রতিপক্ষরা যারা আমাকে ভালবাসেনা, আমার ভাল চাইনা, আমার সন্তানদের পথে বসাতে চায় তারা এই ঘটনা ঘটিয়েছে। আমার বিভিন্ন মাঠে প্রায় ২০ বিঘা জমিতে অন্যান্য ফসল আছে। আমি এখন এসব ফসল নিয়েও আতংকের মধ্যে আছি। আমি প্রশাসনের কাছে এর সুষ্ঠ তদন্ত করে দূবৃত্তদের বিচার চাই।

মহাজনপুর ইউনিয়নের ৫ নং ওয়ার্ড সদস্য সোহরাব হোসেন বলেন, গোলাম মোস্তফা শুধু রাজনৈতিক নেতা নন, এলাকার একজন দক্ষ এবং ভাল চাষী। এর আগে তিনি ভুট্টা চাষ করে সরকারের পুরস্কার লাভ করেন। অন্যায়ের প্রতিবাদ করার কারণে তার এ ক্ষতি করেছে প্রতিপক্ষরা। এই অপরাধে সাথে জড়িতে মুখোশ উন্মোচন করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করছি।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উজ্জল কুমার দত্ত জানান, আমি ছুটিতে বাইরে আছি। থানায় তদন্ত অফিসার বিষয়টি নিয়ে কাজ করছে।

এদিকে, মেহেরপুর জেলায় যেন ফসলের ওপর শত্রুতা যেন থামছেই না। একের পর এক ফসলি জমি নষ্ট ও পুকুরে বিষ প্রয়োগ করছে দুর্বৃত্তরা। সাম্প্রতিক সময়ে জেলার বিভিন্ন্ স্থানে ফসল তছরুপ ও পুকুরে বিষ প্রয়োগ করে মাছ নিধনের ঘটনা বেড়ে চলেছে।

মেহেরপুরে শ্যামপুর ইউপি সদস্যের মৃ*ত্যু

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত শ্যামপুর ইউনিয়নের ২ নং ওয়ার্ডের ইউপি সদস্য (মেম্বর) আনারুল ইসলাম (৬০) ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহী ওয়া ইন্না এলাহি রাজিউন)।

আজ রবিবার (১৯ মে) সকাল ১০ টার দিকে কুষ্টিয়ার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন তিনি।

আনারুল ইসলাম সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ঝাউবাড়িয়া গ্রামের খেদের জোয়ারদার ছেলে।

শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান মতিউর রহমান মতিন পারিবারিক সূত্রের বরাত দিয়ে এই তথ্য নিশ্চিত করেছেন। চেয়ারম্যান মতিউর রহমান গভীর শোক প্রকাশ করেছেন। তিনি শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেন।
আনারুল ইসলামের স্ত্রী, ৩ ছেলে সহ অসংখ্য গুনাগ্রহেী রয়েছেন।

পারিবারিক সূত্রে জানা গেছে, ইউপি সদস্য আনারুল ইসলাম বেশ কিছুদিন ধরে নানা রোগে আক্রান্ত ছিলেন। গতকাল শনিবার তাকে কুষ্টিয়ার একটি বেসরকারি ক্লিনিকে ভর্তি করা হয়। আজ সকালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

[redacted]

[redacted]

হওয়ার আশা তার।

গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামের লিচু বাগান মালিক হিরোক আলী বলেন, এবছর লিচুর দাম ভাল। ১০০ লিচু বিক্রি হচ্ছে ৩০০ টাকায়। বিভিন্ন জেলা থেকে পাইকাররা এসে ২৫০ টাকা শ’ কিনছেন। এক কাউন লিচুর বর্তমান বাজার মুল্য ২৫০০ টাকা ে◌েথ ২৭০০ টাকা। ফলন বিপর্যয় হলেও লিচু বিক্রি করে লাভবান হচ্ছি।

বারিশাল থেকে লিচু কিনতে আসা পাইকার ব্যবসায়ী হাফিজুল ইসলাম জানান, লিচুর গুটি দেখে ৭টি বাগান কিনে ছিলাম। অতিরিক্ত রোদের কারনে লিচুর গুটি ঝরে গেছে। পরে লোকসান হবে ভেবে বাগানমালিকরা আমাদের কিছু টাকা ফেরত দিয়েছেন। তবে লিচুর পরিচর্যা,গাছ থেকে লিচু সংগ্রহের শ্রমিক খরচ ও পরিবহন খরচ বাদ দিয়ে লাভ থকাছে কম। তবুও তিনি ২০ বছরের ব্যবসা ধরে রাখার কারনে এবারও ব্যবসা করতে হচ্ছে।

লিচু সংগ্রহে নিয়োজিত শ্রমিক সাগর আহাম্মেদ জানান, প্রতি বছর এসময় লিচুর বাগানে কাজ করেন। সকাল ৬টা থেকে দুটুর ১টা পর্যন্ত কাজ করে মজুরি পান ৫০০ টাকা। এভাবে এক মাস যাবত একাজ চলমান থাকবে। আটি লিচু বিক্রি শেষ হলে বোম্বাই ও চাইনা থ্রি লিচু বিক্রি শুরু হবে। শুধু সাগর আহম্মেদ নয় বিভিন্ন লিচু বাগানে কাজ করে সংসার চালাচ্ছেন কয়েক হাজার শ্রমিক।

মেহেরপুর বাজারের লিচু ব্যবসায়ী মহন আলী জানান, প্রতিদিন তার আড়ৎ থেকে ২ হাজার কাউন লিচু বিক্রি হচেছ। অন্যান্য বছরে তার আড়ৎ থেকে ৪/৫ হাজার কাউন লিচু বিক্রি হতো। এবার লিচু বাজারে কম আসছে।

মেহেরপুর জেলা কৃষিসম্প্রসারণ অধিদপ্তরের উপ পরিচালক বিজয় কৃষ্ণ হালদার বলেন, মেহেরপুরে প্রায় ৮০০ হেক্টর জমিতে লিচুর বাগান রয়েছে। উক্ত বাগানে লিচু উৎপাদনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে সাড়ে ৬ হাজার টন । কৃষকরা প্রতি কাউন লিচু বিক্রি করছেন ২৫০০ টাকা থেকে ২৭০০ টাকা দরে। বর্তমানে আটি লিচু বিক্রি শুরু হয়েছে। এরপর বোম্বাই ও আতা বোম্বাই এবং চাইনা থ্রি লিচু বিক্রি শুরু হবে। জেলার চাহিদা পুরুনের পাশাপাশি বিভিন্ন জেলায় লিচু বিক্রি করে চাষিরা লাভবান হচ্ছেন॥ কৃষি বিভিগারে পক্ষ থেকে লিচু সংগ্রহের কৌশল,বাজারজাত করনের পদ্ধতি এবং পরিচার্যা বিষয়ক সকল ধরনের পরামর্শ দেয়া অব্যাহত রেখেছি।